

ঢাবির চার শিক্ষককে সাময়িক বরখাস্ত, একজনকে অব্যাহতি

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

প্রকাশ: ২৩ জুন, ২০২৬ ০০:১৫



সংগৃহীত ছবি

জুলাই গণ-অভ্যুত্থানের সময় বিতর্কিত ভূমিকা,
আন্দোলনের সময় শিক্ষার্থীদের রাজাকার ডাকা, হুমকি
দেওয়াসহ নানা অভিযোগের প্রেক্ষিতে ঢাকা
বিশ্ববিদ্যালয়ের চারজন শিক্ষককে সাময়িকভাবে বরখাস্ত
করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন।

সোমবার (২২ জুন) রাতে বিশ্ববিদ্যালয়ে উপাচার্য
অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলামের সভাপতিত্বে
অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়।

বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় উপস্থিত থাকা একাধিক
সিন্ডিকেট সদস্য এই তথ্য নিশ্চিত করেছেন।

সাময়িকভাবে বরখাস্ত হওয়া শিক্ষকরা হলেন- ঢাকা
বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগের অধ্যাপক ড.
নাজমুল আহসান কলিম উল্লাহ, সমাজবিজ্ঞান বিভাগের
অধ্যাপক ড. আ ক ম জামাল উদ্দীন, ব্যাংকিং অ্যান্ড
ইনস্যুরেন্স বিভাগের অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-

ইসলাম, উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ আজমল হোসেন ভূঁইয়া। এ ছাড়াও একই অভিযোগে বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা লাভলু মোল্লা শিশিরকেও (মুহাম্মদ লাভলু মোল্লা) সাময়িকভাবে বরখাস্ত করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের শিক্ষক চৌধুরী মো. তশরিক-ই-হাবিবকে বিভাগের একাডেমিক কাউন্সিলের সুপারিশ অনুযায়ী একাডেমিক কার্যক্রম থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

তিনি সামাজিক যোগাযোগমাধ্যমে গান গেয়ে ব্যাপক পরিমাণ ভাইরাল হয়েছিলেন। বিশ্ববিদ্যালয়ে এ নিয়ে ব্যাপক সমালোচনা তৈরি হয়েছিল।